

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০১৪.০২.০০.০২১.২০১১/ ২৩৫

তারিখ : ৭ জুন ২০১৫

বিষয় : গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত
অনিশ্চিত আডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : এল,এ,জির স্মারক নং-৪১০, তারিখ-২৪/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসহ স্মারকের প্রেক্ষিতে (ফটোকপি সংযুক্ত) জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, গাইবান্ধা কার্যালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছর পর্যন্ত গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিশ্চিত আডিট আপত্তির অগ্রিম অনুঃ ১ এর উপর ('ক থেকে ঝ' এর নির্দেশনা অনুসরণকরে) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক নিশ্চিতমূলক জবাব নিম্নোক্ত "ছক" মোতাবেক আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিশ্চিতকরণে বিষয়টি অডিট কর্মসূচী হিসেবে বিবেচিত।

অনুসরণীয় নির্দেশনা

- গুণমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ;
- আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমানকসহ পৃথক পৃথক ভাবে ২ সেট জবাব;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমানক সত্যায়িত করে প্রেরণ;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

ছক

সংস্থার নাম :

আপত্তি সন ও অনুঃ নং	আডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত : বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা।

(মোঃ এরশাদুল হক)
উপ সচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম-সচিব(আডিট/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।